6

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 DEC 1998
পৃষ্ঠা ... কলাম ...

## কৃষি শিক্ষকদের যথাযোগ্য বেতন স্কেল দেওয়া আবশ্যক

বাংলাদেশে সরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে কর্মরত কৃষি ডিপ্লোমাধারী শিক্ষকগণকে ২১০০ টাকার বেতন স্কেল দেওয়া হইয়াছে। অথচ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সমমর্যাদার অন্য ডিপ্লোমাধারীদেরকে ৩৪০০ টাকা বেতন স্কেল দেওয়া হইয়া থাকে। যেমন-ডিপ্লোমা ইঞ্জিনিয়ারগণ সমমানের ডিপ্লোমাধারী হওয়া সত্ত্বেও চাকুরীক্ষেত্রে বেতন স্কেলের এই বৈষম্যের কারণে কৃষি ডিপ্লোমাধারী শিক্ষকগণের কর্মস্পৃহা দিন দিন হ্রাস পাইতেছে। এমতাবস্থায় দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে ও শিক্ষকতার মত মহান পেশায় টিকিয়া থাকার লক্ষ্যে, কৃষি ডিপ্লোমাধারী শিক্ষকগণকে তাহাদের ন্যায্য পাওনা ৩৪০০/=টাকা বেতন স্কেল দেওয়ার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রীর সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**কবির আহাম্মদ,**
কৃষি শিক্ষক
রাঙ্গামাটি সরকারী উচ্চ বিদ্যালয়,
রাঙ্গামাটি পার্বত্য জেলা।